দেখিলাম, সে লক্ষ্য করিয়াছে যে, আমি ভাত খাই নাই। বলিলাম—"না খিদে পায় নি।"

সে বলিল যে "দহি হৈ ; থোড়া ভোজন কর লিয়া যায়।" সপ্তাহে একদিন করিয়া নিম্নশ্রেণীর রাজবন্দীরা দই খাইতে পায়—পিতলের থালার উপর পাতলা মহুয়া দই—উহাতে আবার একটা পোড়াপোড়া গন্ধ ;—কংগ্রেস মিনিষ্ট্রির প্রবর্ত্তিত নিয়ম—তৃতীয় শ্রেণীর রাজবন্দীদের নিত্য উপহাসের জিনিষ। লক্ষ্য কংগ্রেসের বড়কর্ত্তাদের প্রতি—কেন তাঁহারা সকল রাজবন্দীদিগের একটী মাত্র শ্রেণী করেন নাই? উচ্চশ্রেণী ও নিম্নশ্রেণীর রাজবন্দী রাখিবার অর্থ কি? উচ্চ শ্রেণীর দশ আনা "খোরাকী" ও নিম্নশ্রেণীর সাড়ে তিন আনা—ইহার মাঝামাঝি একটী শ্রেণী কেবল রাজনৈতিক বন্দীদের জন্য করিলে কি হইত? নিম্নশ্রেণীর রাজবন্দী-দিগকে নিজের পয়সা খরচ করিবার অধিকার দিলে কি হইত? বাহির হইতে তাহাদের জন্য খাবার বা অন্য কোন জিনিষ আসিলে, তাহা লইতে দিলে, বড় কর্ত্তাদিগের কোন্ পাকা ধানে মই পড়িত? মাসে দুইখানি করিয়া চিঠি লিখিতে দিলে কি মহাভারত অশুদ্ধ হইয়া যাইত? নিজের পয়সায় বিড়ী সিগারেট খাইবার অধিকার দিলে তাঁহাদের কি ক্ষতি হইত? আরও কত কি অভিযোগ।

উঁচু গুমটীর উপর হইতে সুরু করিয়া জলদমন্দ্র স্বরে রাগিণী উঠিল "বোলোরে এক- নম্বার! বোলোরে দু'নম্বার! বোলোরে তি-ই-ই-ন্ নম্বার! বোলোরে—চা-আ-র নম্বার! বোলোরে এ-এ-এ পাঁচ নম্বার! বোলোরে-এ ছে-এ নম্বা-আ-আ-র! বোলোরে-এ-এ-এ নয়া গোল! বোলো-রে-এ আওরৎ কিতা-আ-আ!"

সব ওয়ার্ডের জবাব আসিল না—বোধহয় আমার সেল পর্য্যন্ত সে শব্দ পৌঁছাইল না। গুমটীর উপরের সিপাহীটীও যেন সব ওয়ার্ড হইতে উত্তরের প্রত্যাশা রাখে না। তাহার কাজ যন্ত্রের মতো, কলের গানের মতো একবার করিয়া চীৎকার করিয়া যাওয়া। প্রত্যেক ওয়ার্ড হইতে উত্তর আসা উচিত কতগুলি কয়েদী প্রতি ওয়ার্ডে বন্ধ হইয়াছে। ইহার টোটাল আগেই গুমটীর নীচের তলায় জেল কর্ম্মচারীরা করিয়া রাখিয়াছে—চীৎকারটী কেবল একটী নিয়মরক্ষা মাত্র। সব ওয়ার্ডার মেট

গুড় নেয়। রবিবারের দিন আমার ভাত আমরা দুইজন মিলিয়া খাই। আর এই অসুবিধাটুকু স্বীকার করিয়া, আমরা সারা সপ্তাহ একটু একটু করিয়া গুড় পাই। সেই গুড় চুরি গিয়াছে। কাজেই নিলুর মন তিক্ত হইয়া যাওয়া কিছুই আশ্চর্য্য নয়। কিন্তু আমার খারাপ লাগিল, নিলুর চীৎকার করিয়া, সকলকে শুনাইয়া, রাজবন্দীদের উপর কটু মন্তব্য করা,—বিশেষতঃ যখন আবহাওয়া ইহার পক্ষে অনুকূল নয়। সারা পৃথিবী নিলুর বিরুদ্ধে থাক,—নিলু কখনও নিজের পথ হইতে বিচ্যুত হইবে না। একবার সে মত স্থির করিয়া ফেলিলে, আর কেহই তাহাকে টলাইতে পারিবে না। আমি সব সময়েই ভয় করি, এই বুঝি নিলু কোন একটা কাণ্ড করিয়া বসে। জেলের রাজবন্দীদিগের সময় কাটাইবার খোরাক চাই। যে অসীম কর্ম্মপ্রেরণা জেলের বাহিরে থাকিতে তাহাদের সর্ব্বদা চালিত করিয়া বেড়ায়, তাহারই তৃপ্তির জন্য তাহাদের জেলের মধ্যে নানাপ্রকার কৌন্দল, দলাদলি ও পলিটিক্সের অবতারণা করিতে হয়। কিন্তু নিত্যনূতন প্রোগ্রাম না পাইলে মন বসিবে কেন? এই জন্যই নিলুর ব্যাপার সেবার বেশীদূর গড়াইল না। পরের দিন সকালেই জলখাবার বিতরণের সময় কে যেন কথা উঠাইল যে প্রত্যহ ভিজাছোলা জলখাবার দেয়; ইহার পরিবর্ত্তে যদি চিঁড়া পাওয়া যায়, তাহা হইলে বড় ভাল হয়। আর কোথা যাইবে! সঙ্গে সঙ্গে ছড়া বাঁধা হইল "চেনা-কা বদলে চুড়া লেঙ্গে" (১২) জেলশুদ্ধ লোক সমস্বরে এই চীৎকার করিতেছে। সঙ্গে সঙ্গে থালা ও গ্লাস বাজানো হইতেছে। কেহ শিষ দিতেছে; কেহ বা দরজার গরাদ-গুলির উপর দিয়া নিজের থালাখানি হড়হড় করিয়া টানিয়া লইয়া যাইতেছে; তাহাতে একটা বিকট শব্দ হইতেছে। অনেকে জানালার উপর উঠিয়াছে। দুইজন জানালা বাহিয়া টিনের ছাতের উপর উঠিল। হঠাৎ যেন কোন্ যাদুদণ্ডের স্পর্শে সকলে একসঙ্গে উন্মাদ হইয়া উঠিয়াছে। যাহাদের অতি ধীর গম্ভীর বলিয়া জানিতাম, তাহারাও দেখি উৎসাহের আতিশয্যে নিজেকে সংযত রাখিতে পারিতেছে না। কয়েকজন পাগলের মতো ওয়ার্ডের এক প্রান্ত হইতে অপর প্রান্তে 'কম্বল, কম্বল" বলিয়া চীৎকার করিতে করিতে দৌড়াইতেছে। তাহার কথায় অনেকে

একজন ফিনাইল খেয়েছিল। আমার উপর এক্সপ্লেনেশন চাওয়া হ'ল কিনা, এতটা ফিনাইল একসঙ্গে কোন কয়েদী পায় কি ক'রে। যেন সাফাইয়া' (মেথর) কয়েদীর কাছ থেকে আর কেউ ফিনাইল নিতে পারে না। এ ডিপার্টমেণ্টের কি আর কিছু মা বাপ আছে মশাই ?"…

একসঙ্গে অনেকগুলি চরখার নানারকম শব্দ শুনিতে ভারি ভাল লাগে। অনেক উচু দিয়া যেন এরোপ্লেন উড়িয়া চলিয়া যাইতেছে। মনে পড়াইয়া দেয় যে সোনার ভারত গড়িয়া তুলিবার পথে আমি একলা পথিক নই। ইহাতো কেবল এত গজ এত হাত সুতা কাটা মাত্র নয়। এখন যে চরখায় প্রাণ প্রতিষ্ঠা করা হইয়াছে। ইহা যে রাম রাজ্য ফিরাইয়া আনিবার একমাত্র অস্ত্র। হইবে প্রেমের রাজ্য, গৌরাঙ্গের রাজ্য ; লোকে হিংসা দ্বেষ ভুলিবে। পরিশ্রম করো ; সুখে খাও দাও থাকো, কাহারও অভাব নাই। প্রত্যেকের গোয়ালে গরু, মরাইয়ে ধান। যত গজ সুতা কাটিবে, ততটা লক্ষ্যের নিকট পৌঁছিবে। একজন আর একজনকে সাহায্য করিতেছে, ধনী দরিদ্রকে নিজের বিত্ত বিলাইয়া দিতেছে। গ্রামগুলি আর নিজের প্রয়োজনের জন্য বাহিরের দিকে তাকাইয়া নাই। দরিদ্রের শোষণের সব পথ বন্ধ। কাহারও মুখাপেক্ষীই নই তো শোষণ করিবে কেমন করিয়া।…'সূত্রযজ্ঞ' (২৭) মনে করাইয়া দেয় যে, আমার ধরণে তাহা হইলে আরও অনেকে ভাবে। দলে দলে রাজনৈতিক কর্ম্মীরা আমাদের মত ছাড়িয়া চলিয়া যাইতেছে। বোঝো না বোঝো, মানো না মানো, সোস্যালিষ্ট হওয়াও একটা ফ্যাশন হইয়া দাঁড়াইয়াছে। নিলু বিলুর কথাই ধরো না ; এইতো ১৯৩০—৩২, সে কত চরখা কাটা, কত রকমের কথা! এমন ভাবে উহারা গড়িয়া উঠিয়াছিল যে, আমি কোনদিন ভাবি নাই যে ঐ উচ্চ আদর্শ উহারা কোন দিন ছাড়িতে পারিবে ; যাহারা এখনও আমার মতাবলম্বী, তাহারা চলিয়া গেলে হয়তো আমারই নিজের মনে সন্দেহ হইবে যে, আমার পথ ঠিক তো ? নিজের দেশের বেদ পুরাণ, মুনি ঋষি, ইতিহাস সব গেল—সকলের নজর রুশের উপর। আরে, রুশ কি নিজের দেশের চাইতেও উঁচুতে ? দেশ বিদেশের ইতিহাসের

ছেলে দুইটী, সকলেরই পড়ার উৎসাহ দেখি, আর অবাক হইয়া আমাদের পন্থার কর্ম্মীদের সহিত তুলনা করি। ফরওয়ার্ড ব্লকের তিনজন মাত্র তো থাকে এখানে, কিন্তু তাহারাও দেখি কত খরচ করিয়া সেন্সর না করা মার্ক্সিষ্ট বই সব আনাইয়াছে। কম্যুনিষ্ট ছেলেটীরও টুকী টাকী বই আনা লাগিয়াই আছে। ইহাদের মতো ঘড়ী ধরিয়া পড়া শুনার ক্লাস করিতে যাওতো আমাদের মধ্যে—নিশ্চয়ই ছেলে জুটিবে না। তাহার প্রত্যক্ষ প্রমাণ তো হইয়াই গিয়াছে। সদাশিউ-এর উৎসাহে ও অনুরোধে আমি শীতকালে বেলগাছটির তলায় "রচনাত্মক কার্য্যক্রম (৩৫)"এর উপর ক্লাস লওয়া—আরম্ভ করিয়াছিলাম। প্রথম সপ্তাহে কিছু ছেলে হইয়াছিল। পরে দেখিলাম থাকিয়া গেল কেবল সদাশিউ, দাসজী, আর রামশরণজী। আর—সি-এস-পির রুশ বিপ্লবের ইতিহাসের ক্লাসে দেখি লোক ধরে না—আমাদের ছেলেরাও দেখি সেই ক্লাসে বসিয়া আছে। অবশ্য ইহা অস্বাভাবিক নয়। নিলু বিলুদের দলের প্রোগ্রামের ভিত্তি মানুষের মন আজকে যেমন আছে তাহারই উপর। আর আমাদের কার্য্যক্রমের ভিত্তি, হিংসা লোভহীন আদর্শ মানব মনের উপর। সেইজন্য সাধারণ লোককে উহাদের পথই আকর্ষণ করে বেশী।......

নিলু বিলুর কি পড়ার ঝোঁক? আর আমাদের পন্থার লোকদের? তাহাদের কথা আর বলিয়া কি হইবে? আমি একখানি বই নিয়া বসিলেই বলে—"মাষ্টার সাহেব আবার 'ইতিহান' দিবেন নাকি?" আমাদের দলের রামচন্দরজী আর হরিহরজী এই দুই জনের একটু পড়াশুনার বাতিক আছে। তাহার মধ্যে রামচন্দরজী পড়েন জল চিকিৎসার বই, আর হরিহরজী পড়েন আসন ও প্রাণায়ামের বই। ইহাদের ধারণা যে গান্ধিজীর মতের উপর যাহাদের আস্থা আছে, তাহাদের আবার পড়াশুনা করিয়া নূতন জানিবার কি থাকিতে পারে? সাধে কি আর নিলু আমাদের ঠাট্টা করে? আমি টুরে বাহির হইবার সময়, বিলুর মা যখন লোহার সুটকেসটী গুছাইয়া দেন, তখন কতবার শুনিয়াছি নিলু তাহার মাকে ঠাট্টা করিয়া বলিতেছে,—"মা, পুরানো সর্ব্বোদয়ের ফাইলটা দিয়েছো তো?"

ভদ্রলোককে। এমনিই গম্ভীর প্রকৃতির লোক। তাহার উপর তাঁহার একমাত্র ছেলে গত আন্দোলনে আগষ্ট মাসে বন্দুকের গুলিতে মারা গিয়াছে। দশ বছর বয়সের ছেলে। তাহার বাবাকে যখন গ্রেফ্‌তার করিয়া থানায় লইয়া আসে, তখন দলে দলে লোক প্রোসেশন্ করিয়া থানার দিকে আসিতে থাকে। সেও ভিড়ের মধ্যে আসিয়াছিল, সদরে পাঠাইবার পূর্ব্বে বাবাকে একবার দেখিতে। বাড়ীতে তাহার 'দাদী' (৪০) কান্নাকাটি আরম্ভ করিয়াছিলেন। মা জানালার ধারে বসিয়াছিলেন। তাহার কিন্তু বেশ লাগিতেছিল। "জয় সুরজবল্লী জী কি জয়"। অগণিত লোকের মুখেই তাহার বাবার নাম। সকলের মুখে তাহার বাবার প্রশংসা। বোম্বাইয়ে মহাত্মাজীর মিটিং হইয়াছে। আজ সকালেই বাবা সকলকে খবর শুনাইয়াছেন যে, মহাত্মাজী গ্রেফ্‌তার হইয়া গিয়াছেন। তাহার পরই হইল বাবার গ্রেফ্‌তার। মুহূর্ত্তের মধ্যে লোকের মুখে মুখে বাবার নাম ছড়াইয়া পড়িয়াছে। বাবা মহাত্মাজীর মতো বড় হইয়া উঠিয়াছেন। পুলিশ-গুলোর উপর তাহার রাগ হইতেছে। কি জানি এই বুঝি তাহারা বাবাকে কিছু করে। জেলের কথাতেও আরো তাহার ভয় ভয় করিত। কিন্তু গত বৎসর তাহার বাবা সত্যাগ্রহ করিয়া জেলে যাইবার সময় সে দেখিয়াছে, কত গাঁদা ফুলের মালা বাবার গলায়। দাদী তো তাহার পূর্ব্বে বলিয়াছিলেন যে যেই বাবা "ন এক পাই, ন এক ভাই অংরেজকো লড়াইমে", (৪১) এই "নারা লাগাইবেন", অমনি পুলিশ লাঠীর গুঁতায় জান বাহির করিয়া দিবে। কিন্তু তাহার পরিবর্ত্তে সে সময় সে দেখিয়াছিল যে দারোগা সাহেব—অত বড় একজন হাকিম—বাবাকে নিজের বাড়ীতে নিমন্ত্রণ করিয়া খাওয়াইয়াছিলেন। দারোগা সাহেবের স্ত্রী তাহাকেও ডাকিয়া খাবার খাওয়াইয়াছিলেন। বাবা কয়েক মাস পরে জেল হইতে ফিরিবার সময় বাক্সে করিয়া কত জিনিষ আনিয়াছিলেন। সাবান, পেন্সিল, রুলটানা খাতা। জেলের দাড়ী কামানোর "বিলেড" দিয়া, সে ছুরী তৈরী করিয়াছিল। সেই বাক্সর ভিতর সে "বিলায়তী দঁাতোয়ন" (৪২) দেখিয়াছে। 'নানা' মাথা নেড়া করিবার দশ বার দিন পরে, তাঁহার চুলগুলি যেরকম হয়,

একশেষ। জেলর সাহেব এসে লুসীকে ক্ষমা চাওয়ালেন গরুড়জীর কাছে। তারপর তাঁর রাগ পড়লো। কিন্তু তাঁর নাম আর বদলালোনা……

বিলু ছোটবেলায় আমাদের কত রামায়ণ মহাভারত প'ড়ে শুনিয়েছে। নর্সিং স্কুলের সময়, আর গরমের ছুটির সময়, দুপুর রোদে পুড়তে পুড়তে টেপীর মা, আর দুর্গার মা, আর জিতেনের মা— দিদি আসতেন আশ্রমে—বিলুর রামায়ণ মহাভারত শোনার জন্য। বিলুর রামায়ণ পড়তে ভাল লাগতো না। ও চায় মহাভারত পড়তে। কিন্তু জিতেনের মা—দিদি এসেই আরম্ভ ক'রে "ওরে বারিন্দিরের ব্যাটা, তোকে বলেছি না যে, আমরা পুণ্যবান না, কাশীরাম দাস শুনতে চাই না। নিয়ে আয় রামায়ণ খান। রামায়ণ হলো এক জিনিষ, আর এ হলো এক জিনিষ।" বিলু বলে, থামো না জ্যাঠাইমা, এই খানটা একটু শেষ ক'রে নি। মাথা আর শরীর দুলিয়ে দুলিয়ে বিলু প'ড়ে চলে—"কাঁদে যাজ্ঞসেনী, তিতিল অবনি, নয়নের-অ নীর-অ ঝরে···" বিলুর চোখে জল এসে গিয়েছে যখনই এখানটা পড়বে তখনই ওর চোখে জল আসবে। আর অমনি টেপীর মা বলবে "আহা ৺বিজয়া দশমীতে জন্মেছিল কি না,—তাই হয়েছে ওর নরম ধাত।" সত্যিই পড়তে পড়তে কত জায়গায় যে ওর চোখে জল আসতো তার ঠিক নেই। আমরা বুড়ো নারী; ছেলের মা; ষষ্ঠি-মঙ্গলবার করি; ধর্ম্ম-কর্ম্মের বই প'ড়ে কোথায় আমাদের চোখের জলে বুক ভেসে যাওয়ার কথা। তা' না এ পোড়া চোখে কি জল আসতো? বিলু লুকিয়ে অন্যদিকে মুখ ফিরিয়ে, চোখের জল মুছে ফেলবার চেষ্টা করতো, নিলু খানিক দূরে উবু হয়ে শুয়ে সব দেখতো, আর চেঁচিয়ে উঠতো, মা দ্যাখো, দ্যাখো, দাদা কি করছে? জিতেনের মা দিদি তাকে তাড়া দিয়ে থামিয়ে দেন। বলেন "ঘরের কোণের ভাঙ্গা হাঁড়ি;—বলে আমি সব জানি। আপনি থামুন তো।" কিন্তু নীলুকে কি থামানো যায়? সে হেসে, চীৎকার ক'রে বাড়ী মাথায় করে। মহাভারতখানা নন্‌কু বাঁধিয়ে এনে দিয়েছিল স্কুলের দপ্তরীর কাছ থেকে। তার প্রথম পাতায়, বিলুর হাতের লেখা দু লাইন "খোদ-ই

না।” বুঝিলাম দাদা আমার মনের ভাব বুঝিতে পারিয়াছে। তাহার তীক্ষ্ণ অথচ দরদী দৃষ্টি মনের অন্তস্থল পর্য্যন্ত বুঝিয়া লয়। দাদা আমার মন হালকা করিবার চেষ্টা করিতেছে। আমার দিক হইতেই নিজের রূঢ়তার প্রায়শ্চিত্ত হওয়া উচিত ছিল।···মাকে রোজারিও সাহেবের কাণ্ডের কথা বলিতে হইল। রোজারিও সাহেব কুমার সাহেবের ম্যানেজার। খেলার স্পোর্টস্ তাঁহারই তত্ত্বাবধানে হয়। ······একশত গজ দৌড়ে খোকনদার সহিত কেহ পারে না। তাহার ভাল নাম ক্রীষ্কারীরঞ্জন দত্ত। সে হইয়াছিল ফাষ্ট, আমি সেকেণ্ড। ছেলেদের স্পোর্টস্‌এ জামায় নম্বর দেওয়া হয় না—গন্তব্যস্থানে পৌঁছিবার পর রোজারিও সাহেব সকলকে জিজ্ঞাসা করিয়া একটা কাগজে নাম লেখে। খোকনদাকে নাম জিজ্ঞাসা করিল। —চারিদিকে ভিড়, কোলাহল—প্রত্যেক প্রতিযোগিতা শেষ হইলেই এইরূপ হয়। খোকনদা নাম বলিল। সাহেব দুই তিনবার জিজ্ঞাসা করিয়াও, বোধ হয় তাহার নামটা বুঝিতে পারিল না। তাহার পর আমার নাম লিখিল আমার পরের দুই জনের নাম লিখিল। প্রাইজ দিবার সময় দেখি আমাকেই ফার্ষ্ট প্রাইজ দিল। খোকনদার চোখ ছল ছল করিতেছে তাহার নাম নাই। জিতেনদা তাহাকে ঠাট্টা করিয়া বলে “ক্রীষ্কারীরঞ্জন দত্ত কি সাহেব লিখতে পারে। বাপ-মায়ের দেওয়া নামের জন্য তোর প্রাইজটা নষ্ট হ’ল। এখন কাল সকালে কুমার সাহেবের কাছে যা”। ভাবিয়াছিলাম মা গল্প শুনিয়া খুব হাসিবেন—কিন্তু ফল হইল উল্টা। আমার প্রাইজের টিপটটা পরের দিন খোকনদাকে দিয়া আসিতে হইল। আমার প্রাইজটি কিন্তু মাঠে মারা গেল! রোজারিও সাহেবকে দেখিলে এখনও আমার এই দুঃখের কথা মনে পড়ে।······

দাদা কিন্তু আর কোনো দিন, আমার পার্টনার হইয়া খেলিতে রাজী হয় নাই, কোন না কোন ছুতায় Avoid করিবার চেষ্টা করিয়াছে। দাদার খেলাধূলায় বিশেষ সখ কোনো দিনই ছিল না। এক ব্যাডমিণ্টন ছাড়া কোনো খেলাই ভাল খেলিতে পারিত না; ইহাতেও সে কোন ম্যাচে আমার পার্টনার হইয়া খেলে নাই প্রীতি, সৌজন্য ও নমনীয়তার মধ্যেও তাহার দৃঢ়তা অসীম। একজায়গায় গিয়া

করিবার জন্য। তিনিও দরখাস্ত পিছু আট আনা 'মহেন তানা' লইয়াছিলেন। এক মাষ্টার সাহেব আছেন বলিয়া এ জেলায় মহাত্মাজীর কাজ কিছু হয়। না হইলে ইহাদের অর্দ্ধেক লোক তো 'ঠগ'।......সত্যই তো কংগ্রেস সংগঠন, সম্পূর্ণ ধনী কিষাণদের হাতে। জমিদারের শোষণ হইতে তাহারা মুক্ত হইতে চায়; কিন্তু নিজেরা তাহাদের সীমিত ক্ষেত্রে, অধিয়াদার, বাটাইদার বা নিঃসম্বল ক্ষেত মজুরদের উপর শোষণ বন্ধ করিতে চায় না। কংগ্রেস মিনিষ্ট্রীর সময় নিঃস্ব রায়তদের জন্য যতগুলি আইন তৈয়ারী হইয়াছিল সবগুলিই ইহারা কূটকৌশলে ব্যর্থ করিয়া দিয়াছে। সহদেওএর মতো কংগ্রেস কর্ম্মীও আধিয়াদারের কায়েমী স্বত্ত্ব বন্ধ করিবার জন্য 'বন্দোবস্তীর' মিথ্যা দলিল তৈয়ারী করিয়াছে।...দহিভাত গ্রামের সেই প্রৌঢ়া স্ত্রীলোকটী, যে কংগ্রেস অফিসে প্রায়ই আসিত, গলায় প্রকাণ্ড গলগণ্ড,—আসিয়াই কাঁদিতে বসিত, দাদাকে বলিত "তুমি ছাড়া এর বিহিত আর কেউ করতে পারবে না। আকাশে চন্দ্র সূর্য্য থাকতে আমার উপর এই জুলুম। সহদেওর দাদা কপিলদেও আমার সব জমিজমা নিতে চায়। জমি প্রায় পঞ্চাশ বিঘা। তার বাড়ীর কাছের জমি কিনা; 'মান্ধাতা' (৫৫) তামাকের ক্ষেত চমৎকার হবে। তাই এই জমির উপর নজর। 'পুরুখ' (৫৬) ছিল তেলী। জোয়ান ছেলে, 'পুরুখ' থাকিতেই ম'রে যায়। পুতহু'র তখন ছেলে পেটে। এক বছরের মধ্যে আমার পুরুখ মরিল; তাহার পর গেল 'পুতহু' (৫৭)। বছর না ঘুরতেই একরত্তি নাতিটিও 'বাই' উখর গিয়া' (৫৮)। সে চব্বিশ ঘণ্টা দাদীর কোলেই থাকতো। কত ওষুধ, বিষুধ, কত চিকিৎসা হলো। ব্যাথা লাগবে ব'লে বাছাকে 'সুই' (৫৯) দিতে দিই নি। দিলে হয়তো বাঁচতো। তাকে আর ধরে রাখতে পারলাম না। তার কিছুদিন পরে পাড়ার গোরে গোপের ছেলে মারা যায়। তখন কপিলদেও পঞ্চায়তী ক'রে আমার উপর 'ইলজাম' (৬০) লাগালো যে আমি ডাইনী; আগে নিজের বাড়ী শেষ করেছে, এখন গোরেলালের ছেলেকে 'বাণ' মেরে তাকে শেষ করলো। আরে বেকুফ' এটুকু বুঝলি না, আমি যে স্বামী, পুত্তুর নাতিপুতি সব খেয়ে ব'সে আছি, আমার

করিয়াছে। তাহার মনের সাধ আমারই উপর দিয়া মিটাইয়াছে। রিলিফের কাজ শেষ হইবার পর, জিনিষপত্র যখন নীলাম হয়, তখন দাদা একখানি সাইকেল কিনিয়া আমাকে দেয়। এসব তো তুচ্ছ জিনিষ। দাদার ভালবাসার প্রসঙ্গে এইসব জিনিষের কথা উঠানো, দাদার ভালবাসাকে ছোট করিয়া দেওয়া মাত্র। আমার মাথা ধরিলে দাদা ব্যস্ত হইয়া পড়ে। জেলের মধ্যে 'এক্সট্রা' করিয়া যে গুড় পাইত, লক্ষ্য করিতাম যে সে নিজে তাহা খায় না, কেননা দাদা জানে যে, আমার ভাত খাওয়ার পর একটু মিষ্টি না খাইলে মনে হয়, খাওয়া অসম্পূর্ণ রহিয়া গেল। জেলে নিয়মিত আমার জামা ও জাঙ্গিয়া কাচিয়া দিয়াছে, বাধা দিলে বলিয়াছে "থাক, তোর অভ্যাস নেই"। আমিও আর জোর করি নাই। মনে হইয়াছে, দাদা আমার জন্য এসব করিয়া দিবে ইহা তো আমার ন্যায্য দাবী—ইহাতে অস্বাভাবিক কিছু নাই।

কিন্তু—কিন্তু দাদার কি আমার উপর কিছুই দাবী নাই? থাকিতে পারে কেন, আছে। তাহার স্থান রাজনীতিক্ষেত্রের বাহিরে। রাজনীতিক্ষেত্রে, আমি নিলু আর সে দাদা নয়। এখানে যে ব্যক্তিগত প্রশ্ন ছাড়িয়া, যুক্তির কষ্টি পাথরে প্রত্যেক কার্য্যপদ্ধতি যাচাই করিতে হইবে,—আমার পার্টির দৃষ্টিকোণ দিয়া সকল কর্ম্ম বিচার করিতে হইবে।···

···পৃথিবী আমার সম্বন্ধে যাহা ইচ্ছা ভাবুক, দাদা আমার মনোভাব ঠিক বুঝিবে; সেখানে সংকীর্ণতার লেশমাত্র নাই।···

······১৯৪০ সালে আমি আর দাদা যখন গ্রেফ্‌তার হই তখনও আমরা দুইজনেই সি-এস-পির মেম্বার। কিন্তু জেলের ভিতর কয়েক মাসের মধ্যে কি যে পরিবর্ত্তন হইয়া গেল!···সেই ওয়ার্ডের কাঁঠাল গাছের তলায়, চন্দ্রদেওএর সহিত প্রথম আলাপ—তাহার নিকট হইতে বই লওয়া—তাহার লেকচার ক্লাসে যাওয়া—কাঁঠাল গাছের নীচে কম্বল বিছানো লেকচার ক্লাস—সব চোখের সম্মুখে ভাসিতেছে।···তাহার অকাট্য যুক্তির নিকট মাথা নত করিতে হইল। মনে হইল ধীরে ধীরে দৃষ্টির সম্মুখের আঁধার যবনিকা সরিয়া যাইতেছে,—দাদার পক্ষপুটে

থাকিয়া যে দৃষ্টিভঙ্গীতে রাজনীতিক্ষেত্র দেখিতাম, তাহা রুগ্ন, jaundiced, ভ্রান্ত —উহা সুবিধাবাদী নিম্ন মধ্যবিত্তশ্রেণীর ভাবপ্রবণ উচ্ছ্বাস মাত্র ;—যথার্থ সর্ব্বহারার সাবলীল উদ্দামতার স্থান সেখানে নাই ;—জাতীয়তার বাহিরে দেখিবার ক্ষমতা তাহাদের নাই। চন্দ্রদেওদের দলে প্রবেশ করিবার পূর্ব্বে মনে করিয়াছিলাম, দাদার সহিত আলোচনা করিব! বলি বলি করিয়াও কিন্তু তাহা হইয়া উঠে নাই,—মুখ্যতঃ সঙ্কোচের জন্য, আর গৌণতঃ ভয় ছিল যে তাহার যুক্তির উত্তর দিতে পারিব না। অথচ আমি মনে মনে অনুভব করিয়াছিলাম, দাদার যুক্তি ভুল। প্রতি যুক্তির উত্তর যদি চন্দ্রদেওএর নিকট হইতে শুনিয়া, পুনরায় দাদার কাছে বলিতে পারিতাম, তাহা হইলে হইত। শেষ পর্য্যন্ত দাদাকে না বলিয়াই নূতন দলে যোগদান করিয়াছিলাম। আর জিজ্ঞাসাই-বা করিব কেন? রাজনীতিক্ষেত্রে নাবালকত্ব কি চিরকালই থাকিয়া যাইবে? সেই সময় হইতে আমাদের দুই জনের মধ্যে যে দুর্লংঘ্য ব্যবধান গড়িয়া উঠিল, তাহা আজ পর্য্যন্ত রহিয়া গিয়াছে। রাজনৈতিক কর্ম্মীর জীবন তাহার পার্টির ভিতরে—পার্টির বাহিরের অস্তিত্ব তাহার একেবারে লুপ্ত করিয়া দিতে হইবে। ইহার পর হইতে আমি দাদাকে এড়াইয়া চলিবার চেষ্টা করিয়াছি। নেহাৎ ব্যক্তিগত কাজের কথা ব্যতীত আর অন্য কোনো কথা হয় নাই। আমার সর্ব্বদা ভয় যে, আমার পার্টির লোকেরা আবার কি মনে করিবে। দাদা-যে একটী প্রতিদ্বন্দ্বীদলের নামজাদা কর্ম্মী। উহার সহিত অন্তরঙ্গতা আমার পার্টির লোকেরা নিশ্চয়ই পছন্দ করিবে না; কিন্তু তাহারা নিজেদের মধ্যে এ সম্বন্ধে নিশ্চয়ই আলোচনা করিবে। এই দুই দল ছাড়াও আরও কয়েকটী রাজনৈতিক উপদলের কর্ম্মীরাও সেখানে ছিল। প্রত্যেক দলের বিশ্বাস যে তাহাদের দলের মধ্যে অপর দলের চর আছে। আর সত্যই; যতই গুপ্ত রাখিতে চেষ্টা করো, এক দলের কথা অপর দলের লোকেরা নিশ্চয়ই জানিতে পারিবে। জেলে দেওয়ালেও শুনিতে পায়।

দাদাও আমার সঙ্কোচ দেখিয়া, আমাকে এড়াইয়া চলে। পার্টি ক্লাস হইতে আসিয়া নিয়মিত দেখি আমার বিছানা ঝাড়া হইয়াছে; ঐ পরিচ্ছন্ন বিছানায়

দেওয়ালে হুকের সহিত টাঙ্গানো কয়েকটী লাল বালতী—তাহার উপর লেখা আছে FIRE। একদিকে গাদা করা আছে, বাঁশের ডগায় ন্যাকড়া জড়ানো কয়েক ডজন মশাল। রাত্রে "গিন্‌তী মিলান" কিছুতেই যখন আর হয় না, তখন এই মশাল-গুলি কেরোসিন তেলে ভিজাইয়া, ওয়ার্ডাররা কয়েদী খুঁজিবার প্রয়াস পায়। লণ্ঠন কিম্বা টর্চ তাহাদের হাতে দিয়া দিলেই তো হয়, তা নয় যত সব……..

সেই একবার কয়েদী পালানোর রিহার্সাল হইতেছে। পাগলা ঘণ্টা বাজিতেছে, সাহেব সেণ্ট্রাল টাওয়ারের উপর দাঁড়াইয়া আছেন। ওয়ার্ডাররা সাহেবকে নিজের নিজের কর্ম্মকুশলতা দেখাইবার জন্য মশাল লইয়া এদিক ওদিক দৌড়াইতেছে—গাছতলা ও পায়খানাগুলির উপরই তাহাদের দৃষ্টি বেশী। বোগীলাল ওয়ার্ডের মধ্য হইতে সুপারিণ্টেণ্ডেটকে চীৎকার করিয়া ডাকিয়া জিজ্ঞাসা করিল "সুপারিণ্টেণ্ডেণ্ট সাহাব, হৈ সুপারিণ্টেণ্ডেণ্ট সাহাব, কয়েদী সচ ভাগা হ্যায়, ন পেরক্‌টীস পগলী হ্যায়?" খোঁজা শেষ হইলে সুপারিণ্টেণ্ডেণ্ট আমাদের ওয়ার্ডএ আসিলেন। আমরা সকলে তখন লক্ষ্মী ছেলের মতো নিজের নিজের বিছানায়। ব্যাপার আর বেশী দূর গড়াইল না।…

ঢং ঢং করিয়া দুইটা বাজিল।

আর মাত্র তিন ঘণ্টা। আজকাল নূতন টাইমে সাড়ে পাঁচটার পূর্ব্বে সূর্য্যোদয় বোধহয় হয় না। তাহার পর?… সূর্য্যোদয়ের পূর্ব্বেই ইহাদের সব কাজ শেষ হইয়া যাওয়া চাই। কেননা সূর্য্যোদয়ের সঙ্গে সঙ্গেই জেলের প্রাত্যহিক জীবন আরম্ভ হইয়া যাইবে। সাতটার পূর্ব্বেই প্রাতঃকালীন 'লপ্‌সী' পর্ব্ব শেষ করিয়া দিতে হইবে, কারণ সাতটা হইতে ফ্যাক্টরী খুলিবে। সাড়ে পাঁচটার সময় উনানে আগুন না দিলে, সাতটার পূর্ব্বে প্রাতরাশ শেষ হইবে কিরূপে? যে সকল কয়েদী 'ভাঠ্‌ঠহা' (রান্নাঘর) কম্যাণ্ডে কাজ করে, তাহাদের প্রাতঃকৃত্যাদির জন্যও তো সময় দিতে হইবে। না, পাঁচটার মধ্যেই বোধ হয় কাজ শেষ হইবে।…

…দাদা এখন কি করিতেছে? হয়তো গরাদ ধরিয়া, অন্ধকার নক্ষত্রখচিত আকাশের দিকে তাকাইয়া আকাশ পাতাল ভাবিয়া চলিয়াছে। আমার কথাও

master's office লেখা সাইনবোর্ড, বড় বড় খাতা বই, একত্র জড় করিয়া জ্বালানো হইতেছে। রেল কর্ম্মচারিগণেরও ইহাদের সহিত সহানুভূতি লক্ষ্য করিতেছি। কোথাও বাধা দিবার চেষ্টা নাই, অনেক স্থানে স্বেচ্ছায় সাহায্য করিতেছে। একজন ছাত্র প্ল্যাটফর্ম্মের একটা আলো লইয়া, রায়বেঁশে নৃত্যের ভঙ্গীতে সকলের মনোরঞ্জনের চেষ্টা করিতেছে। কসবা ষ্টেশনে স্কুল কলেজের ছাত্ররা টিকিট চেকার বচ্চোসিংকে চাঁদা করিয়া প্রহার দিয়া বহুদিনের সঞ্চিত আক্রোশ মিটাইয়াছে।…

…চুকরী থানায় "মহাত্মাজীকা ইজলাস" বসিয়াছে। আর কেহ সরকারী এজলাসে যাইবে না। দারোগাবাবুকে গ্রেফতার করা হইয়াছে। তাঁহাকে "কৌমী (জাতীয়) জেল"-এ লইয়া যাওয়া হইবে। দারোগাবাবুকে 'দ্বিতীয় ডিভিসন' কয়েদী করা হইল। "পুরী খিলানা রোজ, আওর দেখনা, উনকী স্ত্রী যাঁহা যানে চাহেঁ উহাঁ পঁহুচা দেনা। বহুৎ হিফাজৎসে"। জেল খুলিয়া কয়েদী পলাইতেছে। জেলখানার উপর কংগ্রেস পতাকা। সরকারী ট্রেজারীর নোটগুলি জ্বালানো হইতেছে। পশ্চিমে গোরখপুর জেলা হইতে আরম্ভ করিয়া পূর্ব্বে পূর্ণিয়া পর্য্যন্ত সর্ব্বত্রই দেশের এই অবস্থা। সম্পূর্ণ অরাজকতা—ফ্যাসিষ্টদের রাজত্ব—জাতীয় শক্তির বিরাট অপচয়—অসংহত, বিশৃঙ্খল, অদূরদর্শী—অথচ দুর্লভ নিঃস্বার্থ ত্যাগের মহিমায় মহীয়ান। লাল পাগড়ী কালো মুখ, হেলমেট পরা লাল মুখ, বন্দুক, টমিগান, কিছুই জনতাকে বিচলিত করিতে পারিতেছে না।…দূরে বীরগাঁও ষ্টেশনের হাটে টমিগানের শব্দ হইতেছে—এদিকে ভুট্টার ক্ষেতে তাহার নকল করিয়া ছেলেরা ষ্টেশনের ফগ-সিগনালগুলি ফুটাইতেছে। কেন করিতেছে তাহারা জানে না। হোলীর দিন গ্রামশুদ্ধ লোক নেশা করিয়া যেরূপ হইয়া যায় ইহারাও ঠিক সেইরূপ। এই অধীর উত্তেজনাকেই দাদার দল বলে বিপ্লবের ড্রেস রিহার্সাল, —ইহাই নাকি 'ক্রান্তির প্রচেষ্টা'। বীরগাঁওয়ের ক্রান্তি-প্রচেষ্টার নেতা কে? বিনায়ক মিসির। সে সর্ব্বঘটে আছে। আশপাশের গ্রামে "সত্যদেবকে কথা" শোনায়, 'ছট পরবের' পৌরহিত্য করে, হিন্দু মিশনের লেকচার দেয়, খৃষ্টান সাঁওতালদের

:ইটী আগে আগে পথ দেখাইয়া চলে। মোটরকারদুইখানি তাঁহাদের পিছনে
নে বাংলোর ধারে গিয়া দাঁড়ায়। লরীর ড্রাইভার তৈয়ারী হইয়া ষ্টিয়ারিং
হ ধরিয়া বসে। ওয়ার্ডার ভিতরের দরজা এখনও একটু ফাঁক করিয়া ধরিয়া
থয়াছে।...এই বুঝি আসিয়া পড়ে— এই মুহূর্ত্তে...

"আরে, বিলু বাবু যে, নমস্কার! এত ভোরে এদিকে কোথায়?
টারভিউ-এর তদ্বিরে বুঝি? সি-আই-ডি তো আটটার আগে আসে না।
সুন আমার বাড়ীতে। ততক্ষণ চা-টা একটু খেয়ে নেওয়া যাক, কি
ন?"

অঘোরবাবু আমাকে উত্তর দিবার সুযোগ দেন না। অতি কষ্টে কোনোরকম
"না, ইনটারভিউ-এ আসিনি।—এসেছিলাম—আজ দাদার—ইয়ে..." আর
। বাহির হয় না। ঠোঁট কাঁপিতেছে কিন্তু কথা বাহির হইতেছে না। কে
দৃঢ় হস্তে গলাটী চাপিয়া ধরিয়াছে। আমার চোখেও জল আসিয়া গেল।
দিকে তাকাইয়া কোন রকমে ম্যাজিষ্ট্রেট সাহেবের চিঠিখানি তাঁহাকে দিই।
ঘোরবাবু চিঠি পড়িতেছেন। চোখের জল মুছিয়া ফেলি।

"আরে, তাই বলুন! কেন, আপনারা শোনেন নি?" তিনি আমার গলা
াইয়া ধরিয়াছেন।

"গভর্ণমেন্টের চিঠি এসেছে যে, ফাঁসীর অর্ডার তো এখন মুলতুবী থাকবে।"
এঁ—কি বলে! অঘোরবাবু পাগল হইয়া গিয়াছেন নাকি! তাঁহার হাত
ী চাপিয়া ধরি। তিনি বলিয়া চলিয়াছেন—

"মিলিটারী এলাকা ছাড়া ভারতবর্ষে আর সর্ব্বত্রই আগষ্ট আন্দোলনের
স্যাবটেজের জন্য যাদের উপর ফাঁসীর হুকুম হয়েছে, তাদের ফাঁসী অনিশ্চিত
লা জন্য স্থগিত হয়ে গিয়েছে। মাঝে কয়েকটা ফাঁসী এই অর্ডারের আগেই
জায়গায় হয়ে গিয়েছে। যাদের উপর মার্ডার চার্জ ছিল তারা অবশ্যি এ
দের মধ্যে পড়ে না।...আজ ফাঁসী ছিল একজন সাধারণ কয়েদীর। সে
তো তিন নম্বর সেলে। পশু এসেছে। আপনার দাদাকে আর এক নম্বর

সেল থেকে সরানো হয়নি। কি দরকার, মিছে হাঙ্গামা বাড়িয়ে। সেইত misunderstanding হয়েছে। আর ফাঁসীর তারিখ তো আগে থেকে কয়েদীদের বলার নিয়ম না। আন্দাজেই জেলের লোকে যেটুকু ঠিক ক'রে পারে। সেইজন্যই আপনারা ভুল খবর পেয়েছেন।"......

আমার কথা বলিবার ক্ষমতা লুপ্ত হইয়াছে।...ভাব শান্ত। ধমনীর প্রবাহও বোধহয় বন্ধ হইয়া গিয়াছে। গাছের পাতার স্পন্দনটী পর্য্যন্ত গ্রহগুলি গতি ভুলিয়া স্থির হইয়া দাঁড়াইয়াছে।...বীরভোগ্যা বসুন্ধরার মূর্ত্তি।—নিশ্বাস লইতে ভয় হয়—উমার তপস্যা বুঝিবা ভাঙ্গিয়া যায়।......

...ধমনীর স্পন্দন আবার আরম্ভ হয়। গাছে পাখীর কাকলী—পাতায় প্রভাত সমীরের দোলা—লাস্যময়ী পৃথিবী আবার নানা ছন্দে লীলায়িত উঠিয়াছে।......পাথরের জেলগেটের উপরতলায় হঠাৎ ঊষার আরক্তিম ব মধুর ঝলক লাগে।

সমাপ্ত